উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর জানুয়ারি/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ মোয়াজ্জেম হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালীগঞ্জ, গাজীপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।

সভার তারিখ ঃ ১৩.০১.২০২২ খ্রি., সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক' তে এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের উন্নয়নে উপজেলা প্রশাসন ও নির্বাচিত জন প্রতিনিধিগণকে স্ব স্ব কর্মক্ষেত্রে আন্তরিকতার সাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া চলমান করোনা ভাইরাস ও কোভিড-১৯ পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং করোনা মোকাবেলায় সরকারি নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপস্থিত জনপ্রতিনিধি ও দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	বিভাগ সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উপজেলা প্রকৌশল বিভাগ	১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালীগঞ্জ, গাজীপুর জানান যে, ২০২০-২১ অর্থ বছরে মোট ২,৩৯,৭১, ২২৩.৩৬/- টাকার প্রাক্কলন গ্রহণ করা হয়। মোট প্রকল্প সংখ্যা-৪৫টি, তন্মধ্যে ৩৫টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। ১০টির কাজ চলমান আছে। এ পর্যন্ত জামানতসহ ২,৫৫,৮২,৪৪৫.৯১/- টাকা ব্যয় হয়েছে। চলমান ১০টি প্রকল্পের মেয়াদ ৩০.০৩.২০২২ খ্রি. পর্যন্ত সময় বৃদ্ধি করা প্রয়োজন।	১। চলমান ১০টি প্রকল্প বাস্তবায়নের সময়সীমা ৩০.০৩.২০২২ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করার এবং অন্যান্য সকল প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক কাজের গুণগতমান সন্তোষজনক নিশ্চিত হয়ে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর
		২। ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা রাজস্ব উদ্বৃত্ত ১১,২২,৩৫,৮৪০/-, উপজেলা এডিপি (দুই কিস্তি) ৩০,১০,০০০/- ও জাইকা প্রকল্পের ৪০,০০, ০০০/- সহ মোট ১১,৯২,৪৫,৮৪০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এর মধ্যে ৬,১৫,৩১,৩৯২/- টাকায় ৫৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। বাকী ৫,৭৭,১৪,৪ ৪৮/- টাকার প্রকল্প গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বিভাগীয় কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও অন্যান্য ব্যক্তির নিকট হতে প্রকল্প প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।	২। উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বিভাগীয় কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হতে প্রকল্প প্রস্তাব গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	
		৩। উপজেলা প্রকৌশলী সভায় তুমলিয়া ও বাহাদুরসাদী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন এর জায়গা সংক্রান্ত সমস্যার বিষয়টি উপস্থাপন করেন। তিনি জানান যে, উল্লিখিত দুটি ইউনিয়ন পরিষদের পর্যাপ্ত জায়গা (২০ শতাংশ) না থাকার কারণে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা সম্ভব হচ্ছে না। বর্তমান প্রকল্পের আওতায় জমি অধিগ্রহণ করার ব্যবস্থা আছে। তবে দুটি ইউনিয়ন পরিষদের পার্শ্বে অধিগ্রহণ করার মত জায়গা না থাকায় তুমলিয়া ইউপি চেয়ারম্যান তুমলিয়া সোম বাজারের কথা প্রস্তাব করেন এবং বাহাদুরসাদী ইউপি	৩। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত নতুন জায়গায় তুমলিয়া এবং বাহাদুরসাদী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগ সমূহ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td></td><td>চেয়ারম্যান নদী থেকে এবং বর্তমান ভবন থেকে ৪০০ মিটার দক্ষিণ পশ্চিমে নতুন জায়গা প্রস্তাব করেন।

৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালীগঞ্জ, গাজীপুর সভাকে অবহিত করেন যে, (১) তুমলিয়া ইউনিয়নে টিউরী পাকা রাস্তা হতে বাড়ীয়াখালী সানাইয়া পাকা রাস্তা পর্যন্ত এইচবিবি রাস্তা মেরামত বাবদ-২,০০,০০০/- প্রস্তাব করা হয় ।

৫। উপজেলা প্রকৌশলী সভায় ২০২০-২১ অর্থ বছরে জাইকা অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় নিম্নে বর্ণিত স্কীমটির সংশ্লিষ্ট দপ্তর হতে কার্য সম্পাদনের প্রত্যয়নের ভিত্তিতে বিল পরিশোধের জন্য প্রস্তাব করেন।
<table>
<tr><th>উপ-প্রকল্প নম্বর</th><th>স্কীমের নাম</th><th>বিলের টাকা (ভ্যাট ও করসহ)</th><th>নীট বিলের টাকা (ভ্যাট কর ব্যতীত)</th></tr>
<tr><td>T1A-২০১৯-২০-৩০৩৩৩৪-০৩</td><td>দেওয়াপাড়া, উত্তরগাঁও ও বড়গাঁও কমিউনিটি ক্লিনিক সংস্কার</td><td>১৫,৩৭,৭০০/-</td><td>১৩,৭৬,২৪২/-</td></tr>
</table></td><td>৪। তুমলিয়া ইউনিয়নে টিউরী পাকা রাস্তা হতে বাড়ীয়াখালী সানাইয়া পাকা রাস্তা পর্যন্ত এইচবিবি রাস্তা মেরামত বাবদ ২,০০,০০০/- টাকা প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট দপ্তর হতে কার্য সম্পাদনের প্রত্যয়নের ভিত্তিতে কাজের গুনগতমান নিশ্চিত হয়ে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ১ম ডোজ এবং নাগরিক পর্যায়ে ১ম, ২য় ও ভোস্টার ডোজ প্রদানের কার্যক্রম চলছে। তিনি এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে অবহিত করেন।</td><td>১। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।
২। কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠানসহ চলমান টিকা কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।</td><td>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় ০৬ টি প্রদর্শনী মাঠ চলমান। তিনি সভায় আরো জানান যে, পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে জৈবকৃষি ও বালাই দমন ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ০৬ টি প্রদর্শনী ও ০৩ টি কৃষক মাঠস্কুল চলমান, কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় ০৪টি সরিষা, ০১টি রসুন ও ০১টি মসুর প্রদর্শনী মাঠে চলমান, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের আওতায় রবি/২০২১-২২ মৌসুমে বিভিন্ন প্রযুক্তির উপর ৪৭টি প্রদর্শনী বাস্তবায়িত হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>উপজেলা কৃষি বিভাগের মাঠ পর্যায়ের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, গাজীপুর</td></tr>
</table>

ক্রঃ নং	বিভাগ সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪.	উপজেলা প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরে বিভিন্ন প্রকল্পের আওতায় খামারিদের দক্ষতাবৃদ্ধির জন্য খামারি প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি জানান যে, রাজস্ব বাজেটে প্রশিক্ষণের জন্য প্রাপ্ত বরাদ্দ প্রয়োজনের তুলনায় অপ্রতুল থাকায় আগ্রহী অনেক খামারিকে প্রশিক্ষণ প্রদান সম্ভব হয় না। তিনি প্রকল্পের বাহিরে খামারিদের দক্ষ মানব সম্পদ হিসেবে পরিচালনার নিমিত্তে উপজেলা পরিষদের আওতায় ১০০ জন খামারিকে প্রশিক্ষণের জন্য প্রস্তাব করেন। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	১। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের চলমান প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। ২। প্রকল্পের বাহিরে খামারিদের প্রশিক্ষণের কর্মপরিকল্পনাসহ সম্ভাব্য বাজেট প্রস্তাব পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালীগঞ্জ, গাজীপুর
৫.	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের অধীন ২০ (বিশ) জন মৎস্য চাষীকে ২০/০১/২০২২ খ্রিঃ তারিখে ০১ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা মৎস্য বিভাগের অধীন মৎস্য চাষীদের প্রশিক্ষণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য অফিসার , কালীগঞ্জ, গাজীপুর
৬.	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় বর্তমানে সক্ষম দম্পত্তির সংখ্যা মোট-৫৬,৩৫৬, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-৪২,১৪৫। পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার-৭৪.৭৮%। ডিসেম্বর/২১ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-৩১, গর্ভবতী মাতৃসেবা গ্রহণকারীর সংখ্যা-১,৬৯৬, ডেলিভারী সেবা গ্রহণকারীর সংখ্যা-১৪৫, সাধারণ সেবা গ্রহণকারীর সংখ্যা-২৪০, শিশু স্বাস্থ্য সেবা গ্রহণকারীর সংখ্যা-৩,৩৮৫। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে অবহিত করেন।	১। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ২। জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনে জনপ্রতিনিধিসহ সকলের সাধ্যানুযায়ী মনিটরিং, সুপারভিশন ও সহায়তার অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর এবং সংশ্লিষ্ট সকল।
৭.	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
৮.	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, মাদ্রাসা পর্যায়ে এবতেদায়ী থেকে ৯ম শ্রেণী এবং স্কুল পর্যায়ের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর বিনামূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা ছিল ৪,৩৯,২৫৫ কপি। তম্মধ্যে এ পর্যন্ত প্রাপ্ত বই ৯৬%। প্রাপ্ত সকল পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। তিনি আরোও জানান যে, ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ সংক্রমন রোধে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। মোট শিক্ষার্থী সংখ্যা ২৯,২২১ জন তম্মধ্যে ২৫,৮৮৩ জনকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। ২। ১২-১৮ বছর বয়সী সকল শিক্ষার্থীর কোভিড-১৯ সংক্রমন রোধে ভ্যাকসিন প্রদান নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর
৯.	উপজেলা পরিসংখ্যান বিভাগ	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।	পরবর্তী সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর

ক্রঃ নং	বিভাগ সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১০.	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান খুব তাড়াতাড়ি সাবমারসিবল টিউবওয়েলের বরাদ্দ আসবে। ডেঙ্গু ও ম্যালেরিয়া নিয়ন্ত্রণে মশা নিধনের জন্য পূর্বের ন্যায় মশা মারার ঔষধ বিতরণের ব্যবস্থা করার অনুরোধ করেন এবং পূর্বের চেয়ে বেশি পরিমাণ অর্থাৎ আনুমানিক ৩০০০ লিটার হলে ভাল হয়।	১। উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ২। প্রকল্প বাছাই কমিটিকে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালীগঞ্জ, গাজীপুর
১১.	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তাঁর কার্যালয় হতে ০৭ জন ঋণগ্রহীতার মধ্যে ২,০০,০০০/- টাকা পুনঃবিনিয়োগ করা হয়। এছাড়া ৩০ জন অনগ্রসর ভাতা ভোগী, ০৯ জন হিজড়া ভাতাভোগী, ২৮ জন বেদে ভাতাভোগীর মোবাইল একাউন্ট খোলার ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ০১ জন রোগীকে রোগীকল্যাণ ফান্ড হতে সহায়তা করা হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় ভাতাভোগীর মোবাইল একাউন্ট খোলা এবং ঋণ বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজ সেবা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর
১২.	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের আওতায় ১৩৪ টি সমবায় সমিতি রয়েছে। তম্মধ্যে ১টি কেন্দ্রীয় সমবায় সমিতি ও ১৩৩ টি প্রাথমিক সমবায় সমিতি। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির নিরীক্ষা ফি বাবদ ১৩০৩৪০/- টাকা ধার্য করা হয়েছে, তম্মধ্যে আদায় করা হয়েছে ৮৫,৬৯০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৯,৯১,৫০৬/- টাকা ধার্য করা হয়েছে। তম্মধ্যে ৯,৭৯,৯৩২/- টাকা আদায় করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	১। উপজেলা সমবায় বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমাবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ২। নিরীক্ষাযোগ্য সকল সমবায় সমিতি নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে লক্ষ্যমাত্রা অনুযায়ি আদায় নিশ্চিত করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১৩.	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৪.	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত কোভিড-১৯ প্রণোদনা পল্লী উদ্যোক্তা ঋণ অত্র উপজেলার ১২ জন পল্লী উদ্যোক্তাকে বিভিন্ন কর্মকান্ডে ২৩.০০ লক্ষ টাকা ৪% হার সুদে ঋণ বিতরণ করা হয়। যা ২৪ মাসে পরিশোধ যোগ্য। উক্ত ঋণকোভিড-১৯ ক্ষতিগ্রস্থ পল্লী উদ্যোক্তাদের মাঝে যাচাই বাছাই করে ঋণ বিতরণ করা হয় । এই ঋণ গ্রহণ করে গ্রামীণ কোভিড-১৯ ক্ষতিগ্রস্থ পল্লী উদ্যোক্তারা পুনরায় তাদের ব্যবসা বাণিজ্য আরম্ভ করেছেন। এছাড়া বিআরডিবির আওতাভুক্ত সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের আওতায় ঋণ বিতরণ ও আদায়সহ চলমান কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ,গাজীপুর।
১৫.	পল্লী বিদ্যুৎ	ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ কে অনুরোধ করা হয়।	ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ, কালীগঞ্জ , গাজীপুর।

ক্রঃ নং	বিভাগ সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১৬.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য কালীগঞ্জ উপজেলার ২৭৫০ মিটার এইচবিবি রোডের টেন্ডার আহবান করা হয়েছে। যার দরপত্র সিডিউল বিক্রি চলছে। আগামী ১৭.০১.২০২২ খ্রি. দরপত্র দাখিলের তারিখ নির্ধারিত আছে। তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ১ম পর্যায়ের টিআর/কাবিখার প্রকল্প বাস্তবায়ন শেষ হয়েছে। ২য় পর্যায়ের বরাদ্দ অতি শিঘ্রই চলে আসবে, ইউপি চেয়ারম্যানগণকে আগাম প্রকল্প গ্রহণ করে প্রেরণের অনুরোধ জানান। শীতার্ত মানুষের মাঝে বিতরণের জন্য প্রাপ্ত কম্বল মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতিতে বিতরণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদে যথাযথ ভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ২। ২০২১-২২ অর্থ বছরের ১ম পর্যায়ের বাস্তবায়িত টিআর/ কাবিখা প্রকল্পের বাস্তবায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ৩। ২০২১-২২ অর্থ বছরের ২য় পর্যায়ের টিআর/কাবিখা প্রকল্পের আওতায় ইউপি চেয়ারম্যানগণকে আগাম প্রকল্প গ্রহণ করে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১৭.	উপজেলা মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় আইসিভিজিডি প্রকল্পের আওতায় কোন উপকারভোগী যদি কোন কারণে মারা যেয়ে থাকেন বা অন্যত্র চলে যায় তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে তাঁদের প্যাডে লিখিত ভাবে আগামী ২০/০১/২০২২ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে দ্রুত জানানোর জন্য অনুরোধ করেন। তাছাড়া উপজেলা পরিচালনা ও পরিবীক্ষণ প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে উপজেলা পরিষদের সার্বিক তত্ত্বাবধানে নাগরী ইউনিয়নে বাগদী গ্রামে ২০ জন দুঃস্থ অসহায় নারীকে পাটজাত পণ্যের দোলনা তৈরীর উপর ৭ (সাত) দিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	১। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ২। আইসিভিজিডি প্রকল্পের আওতায় কোন উপকারভোগী কোন কারণে মারা যেয়ে থাকেন বা অন্যত্র চলে যায় তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ লিখিত ভাবে আগামী ২০.০১.২০২২ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে জানানোর জন্য অনুরোধ করা হয়। ৩। উপজেলা পরিচালনা ও পরিবীক্ষণ প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে আয়োজিত ২০ জন দুঃস্থ অসহায় নারীকে পাটজাত পণ্যের দোলনা তৈরীর প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১৮.	উপজেলা শিক্ষা প্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলী ক অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কালীগঞ্জ, গাজীপুর।

ক্রঃ নং	বিভাগ সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১৯.	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে ব্লকবাটিকে ৯০ জন, পাটজাত পন্য তৈরি ৬০ জন, গবাদিপশু পালনে ৩০ জন, মৎস্য চাষে ৩০ জনকে অপ্রাতিষ্ঠানিক যুব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২,১৬,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা যুব উন্নয়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
২০.	উপজেলা নির্বাচন বিভাগ	উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, গত ২৬.১২.২০২১ খ্রি. তারিখে ৪র্থ ধাপে নাগরী ইউনিয়ন পরিষদ নির্বাচনে ১৪টি কেন্দ্রের ফলাফলের ভিত্তিতে গেজেট প্রকাশের জন্য ২৭.১২.২০২১ খ্রি. তারিখে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করা হয়। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা নির্বাচন বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
২১.	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর বিভাগের অধীনে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২১-২২ এর কর্মসূচীতে ৪১.০০০ মেঃ টন চাল বরাদ্দের বিপরীতে ইতোমধ্যে ৪১.০০০ মেঃ টন চাল এবং ১৫৭.০০০ মেঃ টন ধানের বরাদ্দের বিপরীতে ৬.০০০ মেঃ টন ধান ক্রয় করা হয়েছে। সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা খাদ্য বিভাগের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ি চাল ও ধান সংগ্রহসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালীগঞ্জ, গাজীপুর।
২২.	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর শাখা হতে জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমান ৩৩৪.৯৫ (লক্ষ টাকায়)। জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত ঋণ আদায়ের পরিমান ৩৫৩.৬৭ (লক্ষ টাকায়)। সঞ্চয় আদায় ৯.৪৩ (লক্ষ টাকায়)। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	পল্লী সঞ্চয় ব্যাংক, কালীগঞ্জ শাখার আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ি ঋণ বিতরণ ও আদায় সহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কালীগঞ্জ শাখা, গাজীপুর
২৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত না থাকায় এ দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। পরবর্তী সভায় সহকারী প্রোগ্রামারকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	পরবর্তী সভায় সহকারী প্রোগ্রামারকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার, কালীগঞ্জ, গাজীপুর
২৪.	বিবিধ	১। এডিপি প্রকল্প সংক্রান্তঃ সভায় অল্প সময়ের মধ্যে এডিপির অর্থায়নে দপ্তরওয়ারী প্রকল্প গ্রহণের লক্ষ্যে আগামী মাসিক সভার পূর্বেই স্থায়ী কমিটির মাধ্যমে সকল বিভাগকে প্রয়োজনীয় প্রকল্পের তালিকা প্রদান করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। ২। জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সংক্রান্ত ঃ উপজেলা ইউডিএফ সভায় জানান যে, জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় মোট ০৭টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ প্রকল্প, প্রকল্প বাছাই কমিটি কর্তৃক অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পগুলো হচ্ছে- (১) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ম্যানেজিং কমিটি/গভনিং বডির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিতকরণ বিষয়ক প্রশিক্ষণ (২) করোনা কালীন সময়ে বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধির লক্ষ্যে আউট সোর্সিং	১। অল্প সময়ের মধ্যে এডিপির অর্থায়নে দপ্তরওয়ারী প্রকল্প গ্রহণের লক্ষ্যে মাসিক সভার পূর্বেই স্থায়ী কমিটির মাধ্যমে সকল বিভাগকে প্রয়োজনীয় প্রকল্পের তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। ২। জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডি- পি) আওতায় গৃহীত মোট ০৭ টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা চেয়ারম্যান, কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।

ক্রঃ নং	বিভাগ সমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		বিষয়ক প্রশিক্ষণ (৩) ভূমি আইন ও ব্যবস্থাপনা বিষয়ে নির্বাচিত জনপ্রতিনিধি, প্রথাগত নেতৃবৃন্দ, সুশীল সমাজ, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্টদের জন্য প্রশিক্ষণ কর্মশালা (৪) প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নের জন্য নকশি কাঁথা তৈরি বিষয়ক প্রশিক্ষণ (৫) আধুনিক পদ্ধতিতে মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ (৬) যুবকদের আত্মকর্মী হওয়ার লক্ষ্যে উদ্যোক্তা তৈরির প্রশিক্ষণ (৭) গ্রামীণ মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে পাটের দোলনা তৈরি বিষয়ক প্রশিক্ষণ। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ৩। সরকারি হাট-বাজার ও খাস পুকুর ইজারা সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলাধীন ইজারা যোগ্য সরকারি হাট-বাজার বাংলা ১৪২৯ সন এবং সরকারি ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় (খাস পুকুর) বাংলা ১৪২৯-১৪৩১ সন পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	৩। কালীগঞ্জ উপজেলাধীন ইজারা যোগ্য সরকারি হাট-বাজার বাংলা ১৪২৯ সন এবং সরকারি ২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় (খাস পুকুর) বাংলা ১৪২৯-১৪৩১ সন পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	৩। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর। ৪। উপজেলা ইউডিএফ ৫। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান

সভায় অনুপস্থিতির তালিকা ঃ- ১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোয়াজ্জেম হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
কালীগঞ্জ, গাজীপুর ।

তারিখ ঃ ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

স্মারক নং-০৫.৪১.৩৩৩৪.০০০.০১.০০৭.১৯-১৬

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

০১। জনাব মেহের আফরোজ চুমকি, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-৫ ও সভাপতি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।

০২। জেলা প্রশাসক, গাজীপুর।

০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থেঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মেয়র, কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর।

০২। ভাইস চেয়ারম্যন/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।

০৩। উপজেলা.....অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।

০৪। চেয়ারম্যান.....ইউপি (সকল), কালীগঞ্জ, গাজীপুর

০৫। জনাব.....

০৬। অফিস কপি।

১৩/১/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।